bdnews24.com

# উত্তরা ইউনিভার্সিটিতে জাতীয় গ্রন্থাগার দিবস পালিত

*বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে প্রশ্নত্তোর প্রতিযোগিতা আয়োজন করে আগামী ১২ ফেব্রুয়ারি পুরস্কার বিতরণী করার পরিকল্পনা করেছে উত্তরা ইউনিভার্সিটি।*

নিজস্ব প্রতিবেদক
বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম
Published: 05 Feb 2025, 08:22 PM

Source: https://bangla.bdnews24.com/




'সমৃদ্ধ হোক গ্রন্থাগার এই আমাদের অঙ্গীকার'-প্রতিপাদ্য সামনে রেখে উত্তরা ইউনিভার্সিটি পালন করেছে জাতীয় গ্রন্থাগার দিবস ২০২৫।

বুধবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিশ্ববিদ্যালয়টি বলেছে, সকালে রাজধানীর উত্তরায় বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরিতে কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উত্তরা ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী, আইটি পরিচালক এহসানুল হক, মানব সম্পদ বিভাগের পরিচালক খন্দকার সাইফুল ইসলাম, লাইব্রেরিয়ান ইনচার্জ নুর আহমদ, উপ পরিচালক মাহফুজ-উল হকসহ ও শিক্ষক, শিক্ষার্থী ও কর্মাচারীরাও উপস্থিত ছিলেন।

দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের নিয়ে প্রশ্নত্তোর প্রতিযোগিতা আয়োজন করে আগামী ১২ ফেব্রুয়ারি পুরস্কার বিতরণী করার পরিকল্না করেছে উত্তরা ইউনিভার্সিটি।